

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
আরবান প্লানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.১০৩

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৫

০৭ জুন ২০১৮

বিষয়: “পুলিশ বিভাগের ১০১ টি জরাজীর্ণ থানা ভবন টাইপ প্ল্যানে নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় ডিএমপি’র আদাবর থানার নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে ০.৪৬১২ একর জমি পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের জন্য অনাপত্তি/ ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১. স্মারক নং-৭-২০১৫ (ইএন্ডডি)/ ৫৫৩; তারিখঃ ২৫/০৪/২০১৮ খ্রিঃ

২. স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৭৫; তারিখঃ ১৭ এপ্রিল, ২০১৮

৩. স্মারক নং-৭-২০১৫ (ইএন্ডডি)/ ৪২৬; তারিখঃ ০৪/০৪/২০১৮ খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে “পুলিশ বিভাগের ১০১ টি জরাজীর্ণ থানা ভবন টাইপ প্ল্যানে নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকা জেলার আদাবর থানার অন্তর্গত রামচন্দ্রপুর মৌজায় ডিএমপি’র আদাবর থানার নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে নিম্নলিখিত তফশিলভুক্ত ০.৪৬১২ একর জমি পুলিশ বিভাগের অনুকূলে অনাপত্তি পত্র প্রদানের জন্য অনুরোধ করা হয়।


থানা	মৌজা	জে এল নং	আর এস খতিয়ান	আর এস দাগ	মহানগর খতিয়ান	মহানগর দাগ নং	চাহিতব্য জমির পরিমাণ
আদাবর	রামচন্দ্রপুর	০১	৩৬০	৮৮	২২৫৪, ১৮২২, ৩৮৯, ২৮৩৪, ৬৩৩, ১২১১, ৪৩৬২, ৩০৩০	৪৭৩০, ৪৭৩২, ৪৭৩৩, ৪৭৩৪, ৪৭৩৫, ৪৭৪১, ৪৮১১	০.৪৬১২ একর

উক্ত আবেদনের আলোকে সরেজমিন পরিদর্শনে উক্ত স্থানে ৫ টি টিনশেড সেমিপাকা বাড়ি ও একটি ছোট মুদি দোকান পাওয়া যায়। এমতাবস্থায় রাজউক প্রণীত Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত জমিটি Urban Residential Zone এর অন্তর্ভুক্ত। ড্যাপে Urban Residential Zone এ Landuse Conditionally Permitted হিসেবে Police Station এর কথা বলা আছে। এমতাবস্থায় পাশ্বেবর্তী আবাসিক এলাকার বৈশিষ্ট অক্ষুন্ন রাখার জন্য থানার চারপাশে উঁচু প্রাচীর নির্মাণ এবং Regional Context বিবেচনায় ভবিষ্যতে সদরঘাট-গাবতলী বেড়িবাঁধ/সড়ক সম্প্রসারণের সম্ভাবনা থাকায় সদরঘাট-গাবতলী বেড়িবাঁধ/সড়ক এর এপ্রোচ রোড এর দিকে পর্যাপ্ত পরিমাণে

(কমপক্ষে ১০ ফিট) জায়গা খালি রেখে এবং বাকি তিনপাশে ভবিষ্যৎ “U-loop” ধরনের রাস্তার জন্য পর্যাপ্ত পরিমাণে (কমপক্ষে ৫ ফিট) জায়গা খালি রেখে স্থাপনাটি ভিতরের দিকে নির্মাণ করার শর্তসাপেক্ষে উক্ত ভূমি অধিগ্রহণের অত্র দপ্তরের আপত্তি নাই।

সংযুক্তিঃ

১. ভ্রমন প্রতিবেদন, প্রস্তুতকৃত ম্যাপ ও চাহিতব্য ভূমির তফশিল।
২. ড্র্যাপ পর্যালোচনা প্রতিবেদন।
৩. Regional Context এর প্রস্তাবিত ভূমির ম্যাপ



৭-৬-২০১৮

জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার


মুহাম্মদ তৌহিদুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার (ইএন্ডডি)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স, ৩৬ নং শহীদ ক্যাপ্টেন
মনসুর আলী সরণী, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.১০৩/১(৭)

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৫
০৭ জুন ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) অতিরিক্ত ডিআইজি (এস্টেট), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৫) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোড করা অনুরোধসহ)
- ৬) সিনিয়র প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর



৭-৬-২০১৮

ফৌজিয়া শারমিন তিথি
প্ল্যানার